সরকারি চাকরি, কোর্স ও পেশার খবর পেতে দেখুন
www.kaajcareer.in
লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer
Subscribe Youtube
https://bit.ly/30JCpt7

কাজকেরিয়ার

www.kaajcareer.in • www.fb.com/kaajcareer • মূল্য : ৫.০০ টাকা মাত্র • RNI No. WBBEN/2006/18125

সাবেতীয় খবরের লেটেস্ট আপডেট পেতে দেখুন
www.amarbangla.co
আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/amarbangla
Subscribe Youtube
https://bit.ly/3eBS8Tt

বর্ষ ১৬ • সংখ্যা ২ • ৫ জানুয়ারি - ১১ জানুয়ারি, ২০২২ | পেশা ও কর্মজগতের নতুন দিশা | ২০ পৌষ - ২৬ পৌষ, ১৪২৮ • বুধবার-মঙ্গলবার

এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশনের অধীনস্থ ২৬টি রিজিয়নাল অফিসে

৩,৮৬৫ মাল্টি টাস্কিং স্টাফ, ক্লার্ক, স্টেনোগ্রাফার পদে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: আপার ডিভিশন ক্লার্ক, স্টেনোগ্রাফার, মাল্টি টাস্কিং স্টাফ পদে ৩,৮৬৫ জনকে নিচ্ছে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশনে। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ, হরিয়ানা, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ সহ বিভিন্ন রাজ্যের রিজিওনাল অফিসগুলিতে।

পশ্চিমবঙ্গ ও সিকিম রিজিয়নে: মোট শূন্যপদ ৩২০টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১১৩টি (অসং ৫৭, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৫, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১২, প্রাক্তন সমরকর্মী ১১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২০৩টি (অসং ৮২, তঃজাঃ ৪৯, তঃউঃজাঃ ৯, ওবিসি ৪৩, আর্থিকভাবে দুর্বল ২০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১০, প্রাক্তন সমরকর্মী ২০)।

নর্থ-ইস্ট রিজিয়নে: মোট শূন্যপদ ১৮টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১টি (ওবিসি)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১৭টি (অসং ৭, তঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)।

বিহার রিজিয়নে: মোট শূন্যপদ ৯৬টি। এরমধ্যে

..... এরপর ২ পাতায়

দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে

৬৯১ সেকশন অফিসার, জুনিয়র ইঞ্জিনিয়ার নিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: জুনিয়র ইঞ্জিনিয়ার/ সেকশন অফিসার পদে ৬৯১ জনকে নিচ্ছে দিল্লি সরকারের বিভিন্ন বিভাগে। কম্বাইন্ড পরীক্ষা, ২০২২ ফর জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল বা ইলেক্ট্রিক্যাল)/ সেকশন অফিসার (সিভিল বা ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীরা বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ড। কাজ করতে হবে সিভিল ও ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে। দিল্লি ছাড়া অন্যান্য রাজ্যের ওবিসি প্রার্থীরা জেনারেল হিসেবে অসংরক্ষিত পদে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে তাঁরা কোনওরকম সংরক্ষণের সুবিধা পাবেন না।

(বিজ্ঞপ্তি নং-01/22) জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)/ সেকশন অফিসার (সিভিল): মোট শূন্যপদ ৫৭৫টি। এরমধ্যে থেকে (পোস্ট কোড-৮০১/০১) **নর্থ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ৮৮টি (অসং ৩৫, তঃজাঃ

..... এরপর ৩ পাতায়

কার্ডিওলজি, নেফ্রোলজি, রেডিওলজি সহ বিভিন্ন ডিসিপ্লিনে

ইএসআইসিতে ১৫৭ স্পেশ্যালিস্ট ডাক্তার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: স্পেশ্যালিস্ট পদে ১৫৭ জনকে নিচ্ছে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশনে। এটি ভারত সরকারের মিনিস্ট্রি অফ লেবার অ্যান্ড এমপ্লয়মেন্টের অধীনস্থ একটি সংস্থা। উত্তরপ্রদেশ, গুজরাট, রাজস্থান ও মহারাষ্ট্রের হাসপাতালগুলিতে নিয়োগ হবে কার্ডিওলজি, এন্ডোক্রিনোলজি, নেফ্রোলজি, ক্যান্সার সার্জারি, প্যাথোলজি, পুলমোনারি মেডিসিন, রেডিওলজি সহ বিভিন্ন ডিসিপ্লিনে। প্রার্থীরা যে রাজ্যের জন্য আবেদন করবেন, সেই রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে।

স্পেশ্যালিস্ট গ্রেড-২ (সিনিয়র স্কেল): মোট শূন্যপদ ৩৩টি। এরমধ্যে থেকে উত্তরপ্রদেশে ৮টি,

..... এরপর ৪ পাতায়

উত্তর দিনাজপুরের ৫টি ব্লকে বিভিন্ন গ্রামপঞ্চায়েতে

২২৬ আশাকর্মী নিয়োগ

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাক্রিডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট (আশা) পদে ২২৬ জনকে নিচ্ছে উত্তর দিনাজপুরের সাব-ডিভিশনাল অফিসের অধীনস্থ বিভিন্ন ব্লকের গ্রামপঞ্চায়েতগুলিতে। বিবাহিত/ ডিভোর্সি/ বিধবা মহিলারা আবেদন করতে পারেন। প্রার্থীকে অবশ্যই যে গ্রামপঞ্চায়েতের জন্য আবেদন করতে চান, সেখানকার স্থায়ী বাসিন্দা হতে হবে। একজন প্রার্থী কেবলমাত্র একটি আবেদনপত্রই দাখিল করতে পারবেন। একাধিক আবেদনপত্র দাখিল করলে সেগুলি বাতিল বলে গণ্য হবে।

শূন্যপদের বিবরণ— চোপড়া ব্লক: মোট শূন্যপদ ২৬টি। ইসলামপুর ব্লক: মোট শূন্যপদ ৬৩টি। গোলপোখার-১ ব্লক: শূন্যপদ ২৬টি। গোলপোখার-২ ব্লক: শূন্যপদ ৪৩টি। করণদিঘি ব্লক: শূন্যপদ ৬৮টি।

মাধ্যমিক/ সমতুল পরীক্ষায় উত্তীর্ণ বা অনুত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারেন। উচ্চতর শিক্ষাগত

..... এরপর ৭ পাতায়

প্লাজমা রিসার্চ ইনস্টিটিউটে

৮১ প্রোজেক্ট সায়েন্টিস্ট

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: প্রোজেক্ট সায়েন্টিফিক অফিসার পদে ৮১ জনকে নিচ্ছে গুজরাটের ইনস্টিটিউট অফ প্লাজমা রিসার্চে। এটি ভারত সরকারের অ্যাটমিক এনার্জি বিভাগের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তির ভিত্তিতে নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স সহ বিভিন্ন ডিসিপ্লিনে। তবে ভাল কাজের নিরিখে ও প্রয়োজন অনুযায়ী চুক্তির

..... এরপর ৩ পাতায়

ইন্ডিয়ান জুট কর্পোরেশনে

৬৩ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাকাউন্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র ইনস্পেক্টর পদে ৬৩ জনকে নিচ্ছে দ্য জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডে। এটি ভারত সরকারের একটি উদ্যোগ। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

অ্যাকাউন্ট্যান্ট: মোট শূন্যপদ ১২টি (অসং ৭, তঃজাঃ ১,

..... এরপর ৩ পাতায়

মেটালার্জি, কেমিক্যাল সহ বিভিন্ন ডিসিপ্লিনে মিশ্রধাতু নিগমে

৬১ ম্যানেজমেন্ট ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ম্যানেজমেন্ট ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও ম্যানেজার পদে ৬১ জনকে নিচ্ছে মিশ্রধাতু নিগম লিমিটেডে। এটি ভারত সরকারের একটি উদ্যোগ। নিয়োগ হবে মেকানিক্যাল, মেটালার্জি, মেডিক্যাল সহ বিভিন্ন ডিসিপ্লিনে।

ম্যানেজমেন্ট ট্রেনি: মোট শূন্যপদ ৫৩টি। এরমধ্যে থেকে মেটালার্জিতে: শূন্যপদ ২২টি (অসং ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২)। মেকানিক্যালে: শূন্যপদ ১৫টি (অসং ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। ইলেক্ট্রিক্যালে: শূন্যপদ ৬টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। সেরামিক ইঞ্জিনিয়ারিংয়ে: শূন্যপদ ১টি (অসং)। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে:

..... এরপর ৫ পাতায়

২০২১ সালের সংশ্লিষ্ট ডিসিপ্লিনের গেট পাশদের থেকে

এনএইচপিসি লিমিটেডে ৬৯ ইঞ্জিনিয়ার, অফিসার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ট্রেনি ইঞ্জিনিয়ার ও অফিসার পদে ৬৯ জনকে নিচ্ছে এনএইচপিসি লিমিটেডে। এটি ভারত সরকারের একটি উদ্যোগ। নিয়োগ হবে সিভিল, ইলেক্ট্রিক্যাল, কোম্পানি সেক্রেটারিয়েট, ফিনান্স ইত্যাদি ডিসিপ্লিনে। প্রার্থীকে ২০২১ সালের গেট পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ট্রেনি ইঞ্জিনিয়ার (সিভিল): মোট শূন্যপদ ২৯টি (অসং ১২, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সিভিল শাখার বি ই/ বি টেক অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারীরা অথবা ওই শতাংশ নম্বর নিয়ে ২০১৩ সালের ৩১ মে-র মধ্যে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বার হিসেবে এনরোলমেন্ট করে

..... এরপর ৫ পাতায়

সম্পাদকীয়

বর্ষ ১৬ • সংখ্যা ২

৫ জানুয়ারি - ১১ জানুয়ারি, ২০২২

করোনা আবহেই পুরভোট

করোনা বিধিনিষেধ রাজ্যব্যাপী। কলকাতায় ২৭টি কন্টেনমেন্ট জোন। ২২ জানুয়ারিতেই হচ্ছে পুরভোট। রাত ১০টা পর্যন্ত মিলবে লোকাল ট্রেন পরিষেবা। বিধাননগর, চন্দননগর, শিলিগুড়ি, আসানসোলে পুরভোট হচ্ছে নির্ধারিত ২২ জানুয়ারিতেই। রাজ্য নির্বাচন কমিশনের সঙ্গে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ও স্বাস্থ্যসচিবের সঙ্গে বৈঠকের পর একথা জানানো হয়েছে। ভোটকে কেন্দ্র করে কড়া বিধিনিষেধের কথা উল্লেখ করা হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনার সৌরভ দাস জানিয়েছেন, বিধিনিষেধের সিদ্ধান্তগুলি না মানলে কড়া ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে বলা হয়েছে, খোলা স্থানে সভায় ৫০০ জনের বেশি সমর্থক নয়। যে কোনও ধরনের রোড শো করা যাবে না। নির্বাচন কমিশন সাইকেল, বাইক মিছিলের অনুমতি দিচ্ছে না। এবিষয়ে আরও বলা হয়েছে, বাড়ি বাড়ি প্রচারের ক্ষেত্রে প্রার্থীর সঙ্গে ৫ জনের বেশি কর্মী থাকবেন না। রাত ৮টা থেকে সকাল ৯টা পর্যন্ত কোনওধরনের প্রচার করা যাবে না। প্রত্যেক পুরসভায় ১ জন করে নোডাল স্বাস্থ্য আধিকারিক থাকবেন। পোলিং বা কাউন্টিং এজেন্টদের ক্ষেত্রে কমপক্ষে ১টি ভ্যাকসিন বাধ্যতামূলক।

অন্যদিকে মানুষের যাতায়াতের সুবিধার কথা বিবেচনা করে সিদ্ধান্ত বদল করল নবান্ন। একটা সময় বলা হয়েছিল লোকাল ট্রেন পরিষেবা মিলবে সন্ধ্যা ৭টা পর্যন্ত। বিভিন্ন পেশার মানুষের সমস্যার কথা ভেবে সিদ্ধান্ত বদল করে শেষ লোকাল ট্রেন রাত ১০টা পর্যন্ত করা হয়েছে। এই সিদ্ধান্তের কথা রেল কর্তৃপক্ষকে জানিয়ে দেওয়া হয় বলে খবর।

কাজকেরিয়ার

বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রয়োজন এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না।

— সম্পাদক

কাজকেরিয়ার

সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর
এফেক্ট পাবলিকেশন্স,
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০
ফোন: (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র
১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০

দিল্লি অফিস
মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং- ৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—
প্রবীর মুখোপাধ্যায়
প্রমত্নে : কাজকেরিয়ার
ফোন : (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com

৩,৮৬৫ মাল্টি টাস্কিং

১ পাতার পর .....

থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৪৩টি (অসং ৩৫, তঃজাঃ ৭, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৪)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৬টি (অসং ৮, তঃজাঃ ৩, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৩৭টি (অসং ২৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৪)।

ঝাড়খন্ড রিজিয়নে: মোট শূন্যপদ ৩২টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৬টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২৬টি (অসং ১২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১০, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)।

মধ্যপ্রদেশ রিজিয়নে: মোট শূন্যপদ ১০২টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৪৪টি (অসং ২৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১২)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ২টি (অসং ১, তঃউঃজাঃ ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৫৬টি (অসং ৩০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ৮)।

পদুচেরি রিজিয়নে: মোট শূন্যপদ ১৪টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৬টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৭টি (তঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)।

হরিয়ানা রিজিয়নে: মোট শূন্যপদ ১৮৫টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৯৬টি (অসং ৫১, তঃজাঃ ১৫, ওবিসি ২০, আর্থিকভাবে দুর্বল ১০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১০)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৩টি (অসং ৬, তঃজাঃ ৩, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। মাল্টি টাস্কিং স্টাফ: ১৩, ওবিসি ১৫, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৮)।

অন্ধ্রপ্রদেশ রিজিয়নে: মোট শূন্যপদ ৩৫টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৭টি (অসং ৩, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ২টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২৬টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)।

ছত্রিশগড় রিজিয়নে: মোট শূন্যপদ ৪১টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১৭টি (অসং ১৩, তঃজাঃ ২, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৩টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২১টি (অসং ১১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৭, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)।

দিল্লি রিজিয়নে: মোট শূন্যপদ ৫৪৫টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ২৩৫টি (অসং ৯০, তঃজাঃ ৪৮, তঃউঃজাঃ ১৯, ওবিসি ৫৫, আর্থিকভাবে দুর্বল ২৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১১, প্রাক্তন সমরকর্মী ২৩)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৮টি (অসং ৮, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২৯২টি (অসং ১৩০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২০, ওবিসি ১০৮, আর্থিকভাবে দুর্বল ২৯ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৮, প্রাক্তন সমরকর্মী ১৭)।

ডিরেক্টরেট (মেডিক্যাল) দিল্লি রিজিয়নে: স্টেনোগ্রাফার: শূন্যপদ ৯টি (অসং ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)।

গোয়া রিজিয়নে: মোট শূন্যপদ ২৬টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১৩টি (অসং ৬, তঃউঃজাঃ ২, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১২টি (অসং ৭, তঃউঃজাঃ ২, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)।

গুজরাট রিজিয়নে: মোট শূন্যপদ ২৬৯টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১৩৬টি (অসং ৭৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১২, ওবিসি ২৮, আর্থিকভাবে দুর্বল প্রতিবন্ধী ৫, প্রাক্তন সমরকর্মী ১৩)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৬টি (অসং ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১২৭টি (অসং ৫৯, তঃউঃজাঃ ২১, ওবিসি ৩৫, আর্থিকভাবে দুর্বল ১২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬, প্রাক্তন সমরকর্মী ১২)।

হিমাচলপ্রদেশ রিজিয়নে: মোট শূন্যপদ ৪৪টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ২৯টি (অসং ১৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ২)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১৫টি (অসং ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)।

জম্মু ও কাশ্মীর রিজিয়নে: মোট শূন্যপদ ৯টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৮টি (অসং ৫, তঃজাঃ ২, ওবিসি ১)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১টি (অসং)।

কর্ণাটক রিজিয়নে: মোট শূন্যপদ ৫৬৪টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১৯৯টি (অসং ৬৭, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ৫, ওবিসি ৭১, আর্থিকভাবে দুর্বল ১৯ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৭, প্রাক্তন সমরকর্মী ১৯)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৮টি (অসং ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৬৫টি (অসং ৩০, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৯, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৬)।

কেরলা রিজিয়নে: মোট শূন্যপদ ১৩০টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৬৬টি (অসং ৪২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি ১৪, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৯)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৪টি (অসং ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৬০টি (অসং ২৫, তঃজাঃ ৭, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৫)।

মহারাষ্ট্র রিজিয়নে: মোট শূন্যপদ ৫৯৪টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৩১৮টি (অসং ১৩৯, তঃজাঃ ৩২, তঃউঃজাঃ ২৯, ওবিসি ৮৬, আর্থিকভাবে দুর্বল ৩২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৩, প্রাক্তন সমরকর্মী ৩২)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৮টি (অসং

৩,৮৬৫ মাল্টি টাস্কিং

২ পাতার পর .....

৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২৫৮টি (অসং ১১৩, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ২৩, ওবিসি ৭০, আর্থিকভাবে দুর্বল ২৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১০, প্রাক্তন সমরকর্মী ২৬)।

ওড়িশা রিজিয়নে: মোট শূন্যপদ ৭৪টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৩০টি (অসং ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৫, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৪১টি (অসং ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৬, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৪)।

পাঞ্জাব রিজিয়নে: মোট শূন্যপদ ১৮৮টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৮১টি (অসং ৩০, তঃজাঃ ২৪, ওবিসি ২০, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৭)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১০৫টি (অসং ৩৭, তঃজাঃ ৩৪, ওবিসি ২৫, আর্থিকভাবে দুর্বল ৯ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ৯)।

রাজস্থান রিজিয়নে: মোট শূন্যপদ ১৮৭টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৬৭টি (অসং ৩০, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৪, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৬)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৫টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১০৫টি (অসং ৪৬, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ১২, ওবিসি ২১, আর্থিকভাবে দুর্বল ১০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১০)।

দিল্লি রিজিয়নাল অফিসে: স্টেনোগ্রাফার: শূন্যপদ ৩টি (অসং ২, তঃজাঃ ১)।

তামিলনাড়ু রিজিয়নে: মোট শূন্যপদ ৩৮৫টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ১৫০টি (অসং ৯৬, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ৩, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ৭ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬, প্রাক্তন সমরকর্মী ১৫)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১৬টি (অসং ৮, তঃজাঃ ৪, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ২১৯টি (অসং ১১৩, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ১, ওবিসি ৫৫, আর্থিকভাবে দুর্বল ২১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৯, প্রাক্তন সমরকর্মী ২২)।

তেলেঙ্গানা রিজিয়নে: মোট শূন্যপদ ৭২টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ২৫টি (অসং ১৬, তঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৯)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ৪৩টি (অসং ২২, তঃউঃজাঃ ৫, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৪)।

উত্তরপ্রদেশ রিজিয়নে: মোট শূন্যপদ ১৬০টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৩৬টি (অসং ১৭, তঃজাঃ ৭, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৩)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ৫টি (অসং ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১১৯টি (অসং ৫১, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১, ওবিসি ৩১, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১১)।

উত্তরাখণ্ড রিজিয়নে: মোট শূন্যপদ ২৭টি। এরমধ্যে থেকে আপার ডিভিশন ক্লার্ক: শূন্যপদ ৯টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)। স্টেনোগ্রাফার: শূন্যপদ ১টি (অসং)। মাল্টি টাস্কিং স্টাফ: শূন্যপদ ১৭টি (অসং ১৩, তঃজাঃ ২, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)।

আপার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে— কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা এমএস অফিস ও ডেটাবেস সহ কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে— কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বোর্ড থেকে উচ্চমাধ্যমিক/ দ্বাদশ শ্রেণি পাশ প্রার্থীরা মিনিটে ৮০টি শব্দের গতিতে নেওয়া ডিক্টেশন কেবলমাত্র কম্পিউটারে ইংরিজিতে ৫০ মিনিটে এবং হিন্দিতে ৬৫ মিনিটে ট্রানস্ক্রিপশনের দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে— কোনও স্বীকৃত প্রার্থীরা আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ১৫-২-২০২২ তারিখের হিসেবে আপার ডিভিশন ক্লার্ক ও স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে এবং মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। সবক্ষেত্রেই তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের

..... এরপর ৮ পাতায়

৮১ প্রোজেক্ট

১ পাতার পর .....

মেয়াদ বাড়তে পারে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

কম্পিউটার অ্যাপ্লিকেশন: মোট শূন্যপদ ৪টি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। **ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স:** মোট শূন্যপদ ১৮টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। **ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন:** মোট শূন্যপদ ১০টি। ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। **ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল:** মোট শূন্যপদ ৫টি। ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। **মেকানিক্যাল:** মোট শূন্যপদ ২৮টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। **ফিজিক্স:** মোট শূন্যপদ ১৬টি। ফিজিক্সের বিএসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। থোক মাইনে মাসে ২০,০০০ টাকা।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে ট্রেনিংয়ের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষাও নেওয়া হতে পারে। বাছাই পরীক্ষায় যাওয়ার সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://www.ipr.res.in/ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই, জন্মতারিখের প্রমাণপত্র, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার মার্কশিট ও সার্টিফিকেট, (থাকলে) অভিজ্ঞতার সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, পেমেন্ট রিসিপ্টের কপি ইত্যাদি স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন এসসিআই কালেক্ট ফেসিলিটির মাধ্যমে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 09/2021। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

৫৭৫ সেকশন অফিসার

১ পাতার পর .....

১৩, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৪, আর্থিকভাবে দুর্বল ৯ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪)। (পোস্ট কোড-৮০১/০২) **সাউথ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ৪৮টি (অসং ২২, ওবিসি ২৪, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। (পোস্ট কোড-৮০১/০৩) **ইস্ট দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ১২৩টি (অসং ৫১, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ওবিসি ৩৩, আর্থিকভাবে দুর্বল ১২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৫)। ওপরে বলা পদগুলির ক্ষেত্রে— সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০১/০৪) **দিল্লি অ্যাগ্রিকালচারাল মার্কেটিং বোর্ডে:** শূন্যপদ ৯টি (অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা বিল্ডিং/ কনস্ট্রাকশন ডেভেলপমেন্টের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০১/০৫) **দিল্লি জল বোর্ডে:** শূন্যপদ ৯৮টি (অসং ৬৩, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১, ওবিসি ২৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা প্ল্যানিং, মেন্টেন্যান্স ইত্যাদি ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০১/০৬) **দিল্লি আর্বান সেন্টার ইম্প্রুভমেন্ট বোর্ডে:** শূন্যপদ ৭৫টি (অসং ৩৭, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ২, আর্থিকভাবে দুর্বল ১৮)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। সঙ্গে ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০১/০৭) **দিল্লি ট্রান্সকো লিমিটেডে:** শূন্যপদ ১৯টি (অসং ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। ডিজাইন ও কনস্ট্রাকশনে অভিজ্ঞতা সহ সয়েল ইনভেস্টিগেশন, কংক্রিট টেকনোলজি, ট্রান্সমিশন টাওয়ার ওয়ার্ক ইত্যাদি ক্ষেত্রে স্পেশ্যালাইজেশন জ্ঞান থাকলে ভাল। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০১/০৮) **দিল্লি স্টেট ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডে:** শূন্যপদ ৫২টি (অসং ১৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৭, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের

৫৭৫ সেকশন অফিসার

৩ পাতার পর .....

মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩)। অন্তত ৫০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রিধারীরা অথবা ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০১/০৯) **ইরিগেশন অ্যান্ড ফুড কন্ট্রোলে:** শূন্যপদ ৫৯টি (অসং ৩৪, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৪)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০১/১১) **দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনে:** শূন্যপদ ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা বা ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস হিসেবে ১ বছরের ট্রেনিং নিয়ে থাকলে ভাল। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড ৪,৮০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(বিজ্ঞপ্তি নং-02/22) জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)/ সেকশন অফিসার (ইলেক্ট্রিক্যাল): মোট শূন্যপদ ১১৬টি। এরমধ্যে থেকে (পোস্ট কোড-৮০২/০১) **নর্থ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ১৫টি (অসং ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। (পোস্ট কোড-৮০২/০২) **সাউথ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। (পোস্ট কোড-৮০২/০৩) **ইস্ট দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ১১টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। ওপরে বলা পদগুলির ক্ষেত্রে— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীর আবেদন করতে পারেন। অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডি

আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০২/০৪) **দিল্লি অ্যাগ্রিকালচারাল মার্কেটিং বোর্ডে:** শূন্যপদ ৩টি (অসং)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশন/ মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০২/০৫) **দিল্লি আর্বান সেল্টার ইম্প্রুভমেন্ট বোর্ড:** শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। ইলেক্ট্রিক্যাল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। অথবা ইলেক্ট্রিক্যাল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০২/০৬) **দিল্লি ট্রান্সকো লিমিটেডে:** শূন্যপদ ৩৭টি (তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৭, আর্থিকভাবে দুর্বল ১২)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি/ ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১০,৯০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০২/০৭) **দিল্লি স্টেট ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনে:** শূন্যপদ ৮টি (অসং ৫, তঃজাঃ ১, ওবিসি ২)। অন্তত ৫০ শতাংশ নম্বর সহ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল/ ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ/ পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ডিগ্রি বা ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০২/০৮) **নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে:** শূন্যপদ ৩৭টি (অসং ১৫, তঃজাঃ

ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা অথবা ২ বছরের অভিজ্ঞতা সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হলে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১০,৯০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০২/০৯) **দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনে:** শূন্যপদ ১টি (অসং)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে বিদ্যুৎয়ে ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশনের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ৯-২-২০২২ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা/ বিবাহবিচ্ছিন্না/ অবিবাহিত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০, ওবিসি হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রার্থীবাছাই হবে দুটি টিয়ারে কম্পিউটার বেসড লিখিত পরীক্ষার মাধ্যমে। টিয়ার-ওয়ানে থাকবে দুটি সেকশন। প্রথম সেকশনে থাকবে ২০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ২০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, ২০ নম্বরের অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, ২০ নম্বরের টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং ২০ নম্বরের টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের ১০০টি প্রশ্ন। দ্বিতীয় সেকশনে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ১০০ নম্বরের ১০০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। দুটি সেকশন মিলিয়ে উত্তরের জন্য মোট সময় পাবেন ২ ঘণ্টা। এতে সফলদের টিয়ার-টুতে থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে মোট ১০০ নম্বরের সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ১০০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন এবং দ্বিতীয় পার্টে থাকবে অ্যাপ্লিকেশন অফ কনসেপ্ট, প্রবলেম সলভিং ক্যাপাসিটি, কম্প্রিহেন্ড কনটেক্স ইত্যাদি বিষয়ের ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। দুটি পার্ট মিলিয়ে উত্তরের জন্য সময় পাবেন আড়াই ঘণ্টা। মাল্টিপল চয়েজ টাইপ প্রশ্নে নেগেটিভ মার্কিং

আবেদন করবেন অনলাইনে https://dssssbonline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে ১০ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগের নিজের যাবতীয় প্রমাণপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কালেক্ট ফেসিলিটির মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ডাউনলোড করা রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিত জানতে পারবেন https://dssssb.delhi.gov.in/ ওয়েবসাইটে।

৬৩ জুনিয়র

১ পাতার পর .....

ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। অ্যাডভান্সড অ্যাকাউন্টান্সি এবং অডিটিং স্পেশ্যাল বিষয় হিসেবে নিয়ে কমার্সের মাস্টার ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট মেন্টেন্যান্সের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা কমার্সের ব্যাচেলর ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট মেন্টেন্যান্সের কাজে ৭ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। এসিএ, এসএএস, সিএ, এসিডব্লুএ, সিএডি ডিগ্রিধারী হলে ভাল। মূল মাইনে ২৮,৬০০ - ১,১৫,০০০ টাকা।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ১১টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা কম্পিউটার (এমএস ওয়ার্ড ও এক্সেল) ব্যবহারে দক্ষ হলে এবং ইংরিজি টাইপিংয়ে মিনিটে ৪০টি শব্দের গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে ২১,৫০০ - ৮৬,৫০০ টাকা।

জুনিয়র ইনস্পেক্টর: মোট শূন্যপদ ৪০টি (অসং ১৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ১১, আর্থিকভাবে দুর্বল ৪)। দ্বাদশ শ্রেণি পাশ প্রার্থীরা স্টাফ পার্টের বিলিং/ স্টোরেজ/ ট্রান্সপোর্টিং ইত্যাদি ক্রয়/ বিক্রয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

প্রতিবন্ধীরা আবেদন করবেন না।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১-১২-২০২১ তারিখের হিসেবে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষার মাধ্যমে। থাকবে ১০০ নম্বরের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৯০ মিনিট। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রশ্ন হবে হিন্দি ও ইংরিজিতে। পরীক্ষা হবে ভারতবর্ষের প্রধান শহরগুলিতে। অগ্রাধিকারের ভিত্তিতে প্রার্থীদের ৩টি পরীক্ষা কেন্দ্র বেছে নিতে হবে। এতে সফলদের হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। পরীক্ষার দিনক্ষণ পরে জানিয়ে দেওয়া হবে।

আবেদন করবেন অনলাইনে www.jutecorp.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৩ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি ও সই (জেপিজি/ জেপিইজি ফর্মাটে) এবং যাবতীয় নথিপত্র (পিডিএফ ফর্মাটে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 01/2021. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

ইএসআইসিতে ১৫৭

১ পাতার পর .....

গুজরাটে ৫টি, রাজস্থানে ১২টি এবং মহারাষ্ট্রে ৮টি। ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট ১৯৫৬ অনুযায়ী প্রথম অথবা দ্বিতীয় সিডিউল কিংবা তৃতীয় সিডিউলের পার্ট-২ অনুযায়ী মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা সংশ্লিষ্ট স্পেশ্যালিটির পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

ইএসআইসিতে ১৫৭

৪ পাতার পর .....

তারিখের হিসেবে ৪৫ বছরের মধ্যে। মূল মাইনে ৭৮,৮০০ টাকা। **স্পেশ্যালিস্ট গ্রেড-২ (জুনিয়র স্কেল):** মোট শূন্যপদ ১২*টি। এরমধ্যে থেকে উত্তরপ্রদেশে ৩৪টি, গুজরাটে ৪২টি, রাজস্থানে ১৭টি এবং মহারাষ্ট্রে ৩১টি। ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল আক্ট ১৯৫৬ অনুযায়ী প্রথম অথবা দ্বিতীয় সিডিউল কিংবা তৃতীয় সিডিউলের পার্ট-২ অনুযায়ী মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা সংশ্লিষ্ট স্পেশ্যালিটির পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৭-২-২০২২ তারিখের হিসেবে ৪৫ বছরের মধ্যে। মূল মাইনে ৬৭,৭০০ টাকা।

উভয় ক্ষেত্রেই যাঁরা তৃতীয় সিডিউলের পার্ট-২ অনুযায়ী মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতা অর্জন করেছেন, তাঁদের মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট ১৯৫৬ অনুযায়ী ১৩ নং সেকশনের সাব-সেকশন (৩) অনুযায়ী বর্ণিত শর্ত পূরণ করতে হবে। ডিসিপ্লিন অনুযায়ী শূন্যপদের বিবরণ ও শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন নীচে বলা ওয়েবসাইটে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে। নির্বাচিত হলে ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন https://labour.gov.in/ বা https://www.esic.nic.in/ ওয়েবসাইটে। একটি সাদা কাগজে বয়ানের প্রিন্ট নিয়ে নেবেন। পূরণ করবেন সঠিকভাবে। এর নির্দিষ্ট জায়গায় ১ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ছবি সেঁটে দেবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ডিমান্ড ড্রাফট/ ব্যাঙ্কার্স চেকের মাধ্যমে ফি জমা দিতে হবে। ড্রাফট/ চেকটি কাটবেন 'ESI Fund Account No. II'-এর অনুকূলে এবং তা প্রদেয় হত হবে নীচে বলা নির্দিষ্ট শহরগুলিতে। ড্রাফটের উল্টোপিঠে নিজের নাম ও ঠিকানা উল্লেখ করে দেবেন। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন ড্রাফট/ চেকের [illegible] এগুলি একটি খামে ভরে তার ওপর লিখবেন "Application for the post of Specialist Gr. II (Sr. Scale/Jr. Scale)", for ..... Region", Specialty applied for .....". এবার আবেদনপত্র স্পিড পোস্টে এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৭ (উত্তর-পূর্বাঞ্চল সহ দূরবর্তী প্রার্থীদের ক্ষেত্রে ১৪) ফেব্রুয়ারির মধ্যে। দরখাস্ত পাঠানোর ঠিকানাগুলি হল— **উত্তরপ্রদেশের ক্ষেত্রে:** Additional Commissioner/ Regional Director, ESI Corporation, Panchdeep Bhawan, Sarvodaya Nagar, Kanpur-208005, Uttar Pradesh. ড্রাফট ভাঙানো হতে হবে কানপুরে। **গুজরাটের ক্ষেত্রে:** Additional Commissioner/Regional Director, ESI Corporation, Ashram Marg, Navrang Marg, Ahmedabad-380014, Gujarat. ড্রাফট ভাঙানো হতে হবে আমেদাবাদে। **রাজস্থানের ক্ষেত্রে:** Regional Director, ESI Corporation, Panchdeep Bhawan, Bhawani Singh Marg, Jaipur – 302001, Rajasthan. ড্রাফট ভাঙানো হতে হবে জয়পুরে। **মহারাষ্ট্রের ক্ষেত্রে:** Additional Commissioner/Regional Director, ESI Corporation, Panchdeep Bhawan, 108, N.M. Joshi Marg, Lower Parel, Mumbai-400013, Maharashtra. ড্রাফট ভাঙানো হতে হবে মুম্বাইয়ে।

এনএইচপিসি লিমিটেডে

৪ পাতার পর .....

থাকলে আবেদন করতে পারেন।

ট্রেনি ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল): মোট শূন্যপদ ২০টি (অসং ১২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ২)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ মেকানিক্যাল/ প্রোডাকশন/ থার্মাল/ মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারীরা অথবা ওই শতাংশ নম্বর নিয়ে ২০১৩ সালের ৩১ মে-র মধ্যে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বার হিসেবে এনরোলমেন্ট করে থাকলে আবেদন করতে পারেন।

ট্রেনি ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল): মোট শূন্যপদ ৪টি (তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ/ পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা অথবা ওই শতাংশ নম্বর নিয়ে ২০১৩ সালের ৩১ মে-র মধ্যে ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বার হিসেবে এনরোলমেন্ট করে থাকলে আবেদন করতে পারেন।

ট্রেনি অফিসার (ফিনান্স): মোট শূন্যপদ ১২টি (অসং ২, তঃউঃজাঃ ১০)। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট অফ ইন্ডিয়া থেকে সিএ অথবা ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট্যান্ট অফ ইন্ডিয়া (পূর্বতন ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া) থেকে আইসিডব্লুএ/ সিএমএ ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

ট্রেনি অফিসার (কোম্পানি সেক্রেটারি): মোট শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। কোম্পানি সেক্রেটারি পাশ প্রার্থীরা ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ার মেম্বার হলে আবেদন করতে পারেন।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১-১২-২০২১ তারিখের হিসেবে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল ট্রেনিং শেষে ১ বছরের প্রবেশন। এরপর নিয়োগ হবে ইঞ্জিনিয়ার/ অফিসার পদে। তখন মূল মাইনে ৫০,০০০ - ১,৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাই হবে গেট পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে। এরপর ফরিদাবাদে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে www.nhpcindia.com ওয়েবসাইটের মাধ্যমে, ১৭ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগের যাবতীয় প্রমাণপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। অনলাইন আবেদনের সময় গেট রেজিস্ট্রেশন নম্বরটির প্রয়োজন হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ২৯৫ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: NII/Rectt. /04/ 2021। আরও বিস্তারিত [illegible]

৬১ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর .....

শূন্যপদ ১টি (অসং)। অ্যাডমিন/ এইচআর: শূন্যপদ ৪টি (অসং ২, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। সিভিলে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। সেফটিতে: শূন্যপদ ১টি (অসং)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ নীচে বলা সংশ্লিষ্ট ডিসিপ্লিনের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ডিসিপ্লিনগুলি হল: **মেটালার্জির ক্ষেত্রে**— মেটালার্জি/ মেটিরিয়াল সায়েন্স, **মেকানিক্যালের ক্ষেত্রে**— মেকানিক্যাল/ প্রোডাকশন, **ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে**— ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, **সেরামিকের ক্ষেত্রে**— সেরামিক ইঞ্জিনিয়ারিং, **কেমিক্যালের ক্ষেত্রে**— কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, **সিভিলের ক্ষেত্রে**— সিভিল ইঞ্জিনিয়ারিং, **সেফটির ক্ষেত্রে**— ইন্ডাস্ট্রিয়াল সেফটি বা সমতুল। **অ্যাডমিট/ হিউম্যান রিসোর্সের ক্ষেত্রে**— ইঞ্জিনিয়ারিং/ ফিজিক্যাল সায়েন্সের ডিগ্রিধারীরা ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্টের এমএ/ এমএসডব্লু অথবা হিউম্যান রিসোর্সের এমবিএ ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার: মোট শূন্যপদ ৬টি। এরমধ্যে থেকে মেটিরিয়াল ম্যানেজমেন্টে: শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ২)। কর্পোরেট কমিউনিকেশনে: শূন্যপদ ১টি (তঃজাঃ)। মেডিক্যালে: শূন্যপদ ১টি (অসং)। আইটিতে: শূন্যপদ ১টি (অসং)। মেটিরিয়াল ম্যানেজমেন্টের ক্ষেত্রে— অন্তত ৬০ শতাংশ নম্বর সহ বি ই/ বি টেক ডিগ্রিধারীরা মেটিরিয়াল ম্যানেজমেন্টের এমবিএ/ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। আইনের ডিগ্রিধারী হলে অগ্রাধিকার। কর্পোরেট কমিউনিকেশনের ক্ষেত্রে— অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা পাবলিক রিলেশন্স/ জার্নালিজম/ মাস কমিউনিকেশনের ডিপ্লোমাধারী হলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। মেডিক্যালের ক্ষেত্রে— এমবিবিএস ডিগ্রিধারীরা রাজ্য/ ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে [illegible] সহ কম্পিউটার সায়েন্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

ম্যানেজার: মোট শূন্যপদ ২টি। এরমধ্যে থেকে অটোমেশনে: শূন্যপদ ১টি (অসং)। মেকানিক্যালে: শূন্যপদ ১টি (ওবিসি)। অটোমেশনের ক্ষেত্রে— অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ইলেক্ট্রিক্যাল/ ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। মেকানিক্যালের ক্ষেত্রে— অন্তত ৬০ শতাংশ নম্বর সহ মেকানিক্যালের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ১-১-২০২২ তারিখের হিসেবে ম্যানেজমেন্ট ট্রেনি ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে এবং ম্যানেজার পদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মূল মাইনে ম্যানেজমেন্ট ট্রেনি ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৪০,০০০-১,৪০,০০০ টাকা এবং ম্যানেজার পদের ক্ষেত্রে ৬০,০০০ - ১,৮০,০০০ টাকা।

প্রার্থীবাছাই হবে ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। বাকি সব পদের ক্ষেত্রে বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://midhani-india.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৫ জানুয়ারির মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগের পাসপোর্ট মাপের ছবি, সই ইত্যাদি ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: MDN/HR/E/6/21. [illegible]

দেশদুনিয়ার হালহকিকৎ

১৪ ডিসেম্বর

আশোধিত তেল ও খাদ্যপণ্যের দর বিপুল বৃদ্ধির জেরে নভেম্বরে রেকর্ড গড়ে পাইকারি মূল্যবৃদ্ধির হার।

❑ করোনা পরিস্থিতিতে এবার কলকাতা আন্তর্জাতিক বইমেলায় পূর্বের থেকে বেশি এলাকা ফাঁকা রাখতে হবে। প্রয়োজনে স্টলের আয়তন কমানো হতে পারে।

❑ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পূর্বাঞ্চলীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন ভূপেন্দ্র কাইন্থোলা। ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিসের ১৯৮৯ সালের আধিকারিক তিনি।

❑ ৩ মাসের মাথায় ফের ভারতের বৃদ্ধির পূর্বাভাস ছাঁটাই করল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক।

❑ সম্মানিত সুনীল গাভাস্কর। ভারতের প্রাক্তন তারকা ক্রিকেটার সুনীল গাভাস্করকে বিশেষ সম্মানে ভূষিত করল সর্বভারতীয় ক্রীড়া সংবাদিক সংস্থা।

❑ টি-টোয়েন্টি সিরিজ জয় বাবরদের। দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ৯ রানে হারিয়ে সিরিজ জয়ী হল পাক দল।

১৫ ডিসেম্বর

সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় প্রবেশ করল কলকাতার দুর্গাপুজো। ইউনেস্কো এই স্বীকৃতি দিয়েছে।

❑ পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে আরও ২টি ভাষার অভিষেক। রাজবংশী ও কামতাপুরী। পাঠক্রমে আগামী শিক্ষাবর্ষ থেকে রাজবংশী ও কামতাপুরী সম্প্রদায়ের পড়ুয়াদের মাতৃভাষায় পড়াশুনোর সুযোগ মিলতে পারে।

❑ বাংলার শিক্ষা পোর্টালে অ্যাক্টিভিটি টাস্ক বা গৃহপাঠের নম্বর আপলোড করার সময়সীমা ২৩ ডিসেম্বর পর্যন্ত করা হল। বাংলা শিক্ষা পোর্টালে একথা জানানো হয়েছে।

❑ বিশ্ব কর্পোরেট মানচিত্রে ভারতীয় বংশোদ্ভূত মহিলা নীনা নায়ার। ফরাসি বিলাসবহুল পণ্যের সংস্থা শ্যানেল-এর গ্লোবাল চিফ এক্সিকিউটিভ হচ্ছেন তিনি।

❑ তাসখন্দে চলতি কমনওয়েলথ ভারোত্তলনে রুপো পেলেন ভারতের পুনম যাদব। মহিলাদের ৭৬ কেজি বিভাগে তিনি মোট ২২০ কেজি ওজন তুলে রুপো জয়ী হন।

❑ শ্রীনিধি এফসি-কে ২-১ ফলাফলে হারিয়ে টানা দ্বিতীয়বার আইএফএ শিল্ড চ্যাম্পিয়ন হল রিয়াল কাশ্মীর।

❑ ফুটবলকে বিদায় আগুয়েরোর। ইউরোপের ফুটবলে পা রেখেছিলেন ২০০৬ সালে। আতলেতিকো দ্য মাদ্রিদে শুরু হয় ফুটবল জীবন। ২০১১ সাল পর্যন্ত ২৭৫টি ম্যাচ খে জাতীয় দলের হয়ে ৪১টি গোল রয়েছে।

১৬ ডিসেম্বর

বিজয় দিবসের দিনে সূচনা হল বাংলাদেশের ভিসার নতুন আবেদন কেন্দ্র।

❑ ফ্রান্সের নিষেধাজ্ঞা। ওমিক্রনের সংক্রমণ আটকাতে ব্রিটেন থেকে আসা বা ব্রিটেনে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করল ফ্রান্স।

❑ বিজয় দিবসের অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাষ্ট্রপতি মহম্মদ আব্দুল হামিদের সঙ্গে উপস্থিত ছিলেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। উন্নত বাংলাদেশ গড়তে হাসিনার লক্ষ্য ২০৪১।

❑ কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপে ভারতের ভারোত্তলক পূর্ণিমা পাণ্ডে সোনা জেতার পথে ৮টি জাতীয় রেকর্ড করলেন।

❑ ভারতীয় তারকা স্ট্রেট গেমে হারালেন তৃতীয় বাছাই তাইল্যান্ডের পর্ণ পাউয়ি চোচুয়ংকে। শেষ আটে সিন্ধু বনাম তাইজু।

১৭ ডিসেম্বর

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০১৮ সালের বিধি মেনে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে সরাসরি শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি করল উচ্চশিক্ষা দপ্তর।

❑ ঋণে সুদের হার বাড়াল স্টেট ব্যাঙ্ক। বেস রেট বাড়ছে ১০ বেসিস পয়েন্ট। নতুন সুদ ৭.৫৫ শতাংশ। গত ১৫ ডিসেম্বর থেকে নতুন হার চালু হয়েছে।

❑ শ্রীলঙ্কা ও ভুটানের বিরুদ্ধে জয়ের পর সাফ অনূর্ধ্ব-১৯ মহিলা ফুটবলে হারল ভারত। তারা ০-১ গোলে পরাজিত হল বাংলাদেশের বিরুদ্ধে।

❑ পি ভি সিন্ধু পরাজিত হলেন। শেষ আটে স্ট্রেট গেমে হারলেন সিন্ধু। স্পেনের ওয়েলবায় মুকুট কাড়লেন জুইং। তিনি পরাজিত হলেন ২১-১৭ ও ২১-১৩ ফলাফলে।

❑ এশীয় চ্যাম্পিয়ন্স ট্রফি হকিতে ভারত ৩-১ ফলাফলে পাকিস্তানকে পরাজিত করল। ঢাকায় অনুষ্ঠিত হয় এই ম্যাচ।

১৮ ডিসেম্বর

সুপ্রিমকোর্টের প্রাক্তন বিচারপতি গিরীশ ঠাকোরলাল নানাবতী (৮৬) প্রয়াত হলেন। দিল্লিতে ১৯৮৬ সালের শিখ বিরোধী দাঙ্গা ও গুজরাটে ২০০২ সালে গোধরায় কর সেবকদের ট্রেনে আগুন লাগানোর পর দাঙ্গার তদন্তে যে কমিশন গঠিত হয় তার প্রধান হিসেবে রচিত

❑ পরমাণু অস্ত্র বহনে সক্ষম ক্ষেপণাস্ত্র অগ্নি-পি'র সফল পরীক্ষা করল ভারত। ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন সূত্রে জানানো হয়েছে, ওড়িশা উপকূলের এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে এই পরীক্ষা করা হয়।

❑ চলতি বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ ফাইনালে পৌঁছলেন কিদম্বী শ্রীকান্ত। সেমিফাইনালে তিনি পরাজিত করলেন লক্ষ্য সেনকে। ফলাফল— ১৭-২১, ২১-১৪ ও ২১-১৭।

❑ বিশ্ব সাঁতার সংস্থা ফিনা আয়োজিত শর্টপুল বিশ্ব চ্যাম্পিয়নশিপে ভারতীয়দের মধ্যে সেরা ফল করলেন শ্রীহরি নটরাজ।

১৯ ডিসেম্বর

কলকাতা পুরভোটের নির্বাচন। মোট ওয়ার্ড ১৪৪। মোট ভোটার ৪০ লক্ষ ৪৮ হাজার ৩৫৭। মোট বুথ সংখ্যা ৪,৯৫৯। রাত ৯টা পর্যন্ত ভোটদানের হার ৬৩.৫৭ শতাংশ।

❑ রাজা রামমোহন রায়ের জন্মস্থান খানাকুলের রাধানগরকে কেন্দ্র করে বিশ্বমানের পর্যটন কেন্দ্র গড়ে তোলা এবং জন্মভূমি কেন্দ্রিক স্মৃতিরক্ষার দাবি ওঠে। এবার রামমোহন রায়কে নিয়ে একটি স্থায়ী প্রদর্শশালা অনুষ্ঠিত হবে বলে জানা যায়।

❑ বাংলাদেশীদের প্রবেশে নতুন বিধিনিষেধ। ভারতে প্রবেশের ক্ষেত্রে বাংলাদেশী নাগরিকদের নতুন বিধিনিষেধ আরোপ করা হয়েছে। আগরতলা ইন্টিগ্রেটেড চেক পোস্ট দিয়ে সর্বোচ্চ ১০০ জন বাংলাদেশী যাত্রীকে প্রতিদিন প্রবেশ করাতে দেওয়া হবে।

❑ ইন্দোনেশিয়ার জাভা প্রদেশের উচ্চতম আগ্নেয়গিরি সেমেরু জেগে উঠেছিল ডিসেম্বরের শুরুতে। তার জেরে মৃত্যু হয় প্রায় ৫০ জনের। এরপর সেই আগ্নেয়গিরি থেকে ফের অগ্ন্যুৎপাত।

❑ অস্ট্রেলিয়া ওপেন টেনিস থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করলেন আমেরিকার জেনিফার ব্রাডি। তিনি গতবারের রানার্স।

❑ অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট দলে সুযোগ পেলেন বাংলার রবি কুমার। জানুয়ারি মাসে ওয়েস্ট ইন্ডিজে হতে চলেছে এই প্রতিযোগিতা। তরুণ এই বাঁহাতি পেসার সুযোগ পেলেন।

❑ এশীয় চ্যাম্পিয়ন্স ট্রফি হকিতে জাপানকে ৬ গোল দিল ভারত। টোকিও অলিম্পিক্স হকিতে ব্রোঞ্জ জয়ী ভারত এশীয় চ্যাম্পিয়ন্স ট্রফির সেমিফাইনালে ওঠে।

২০ ডিসেম্বর

আবার পতন শেয়ার বাজারে। সপ্তাহের শুরুতে ফের পড়ল পয়েন্টের কাছাকাছি পড়ে সেনসেক্স। সেখান থেকে কিছুটা ঘুরে দাঁড়িয়ে তা শেষ করল ৫৫,৮২২.০১ অঙ্কে।

❑ কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের 'তারকা' পুরস্কার পেলেন ৮ বাঙালি বিজ্ঞানী। মন্ত্রকের সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ডের যে সব প্রকল্পে প্রধান বিজ্ঞানীরা গবেষণায় বিশেষ কৃতিত্বের ছাপ রেখেছেন, তাঁদের সার্ব-স্টার নামে এই পুরস্কার দেওয়া হয়।

❑ চিলির কনিষ্ঠতম বাম প্রেসিডেন্ট। ওই দেশের কনিষ্ঠতম প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হলেন ৩৫ বছর বয়সী গাব্রিয়েল বরিচ।

❑ টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয়ী পি ভি সিন্ধু বিশ্ব ব্যাডমিন্টন সংস্থার অ্যাথলিট কমিশনের সদস্য হলেন।

❑ ২৭৫ রানের জয়ী অস্ট্রেলিয়া। পরাজিত ইংল্যান্ড। ইংল্যান্ডের টানা ২ টেস্টে পরাজয়। অ্যাডিলেডের দিনরাতের টেস্টে ২৭৫ রানে জিতে অ্যাসেজে ২-০ ফলাফলে এগিয়ে গেল অস্ট্রেলিয়া। ম্যাচ সেরা হয়েছেন মার্নাস লাবুসেন। ম্যাচের ফলাফল— অস্ট্রেলিয়া ৪৭৩/৯ (ডিক্লেয়ার) ও ২৩০/৯ (ডিক্লেয়ার), ইংল্যান্ড ২৩৬ ও ১৯২।

২১ ডিসেম্বর

কলকাতা পুরসভার নির্বাচনে তৃণমূল একাই ১৩৪। বিজেপি পেয়েছে ৩টি ওয়ার্ড। বাম ২টি, কংগ্রেস ২, নির্দল প্রার্থী ৩।

❑ কবি শরদকুমার মুখোপাধ্যায় (৯০) প্রয়াত। স্নায়ুবিক সমস্যার কারণে তাঁর লেখা থেমে যায়। তাঁর কয়েকটি কবিতার বই রয়েছে। পাশাপাশি উপন্যাস ও আত্মজীবনীমূলক লেখাও প্রকাশিত হয়।

❑ রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফর্ম পূরণ শুরু হবে। এই ফর্ম পূরণ চলবে ১০ জানুয়ারি পর্যন্ত। এই প্রক্রিয়ায় কোনও ভুল হলে ১১ থেকে ১৩ জানুয়ারি পর্যন্ত তা সংশোধনের সুযোগ থাকছে।

❑ স্বাধীনতা সংগ্রামী ঋষি অরবিন্দের সার্ধশতবর্ষ পালনের জন্য প্রধানমন্ত্রীর নেতৃত্বে উচ্চ পর্যায়ের একটি কমিটি তৈরি হল। ওই কমিটি গড়া হয়েছে ৫৩ জনকে নিয়ে।

❑ এই নিয়ে ১১ বারের জন্য জাতীয় বিলিয়ার্ডসে খেতাব ধরে রাখলেন পঙ্কজ আদবানী। বেস্ট অফ নাইন ফোমাট ফাইনালে তিনি সিতওয়ালাকে। ম্যাচের ফলাফল— ৫-২।

❑ এশীয় চ্যাম্পিয়ন্স ট্রফিতে জাপানের কাছে ৫-৩ ফলাফলে পরাজিত হল ভারত। হকিতে ব্রোঞ্জের জন্য লড়তে হবে পাক দলের বিরুদ্ধে। শেষ চারে পৌঁছনোর স্বপ্ন ভঙ্গ হল।

২২ ডিসেম্বর

২০২২ সালের নভেম্বর মাসের মধ্যেই নতুন সংসদভবন তৈরি হয়ে যাবে। লোকসভার অধিবেশন মুলতুবির পর স্পিকার ওম বিড়লা একথা জানিয়েছেন।

❑ বিশ্বের ১ নম্বর স্কোয়াশ তারকা আলি ফারাগকে পিছনে ফেলে প্রফেশনাল স্কোয়াশ সংস্থার প্রেসিডেন্ট হলেন ভারতের সৌরভ ঘোষাল।

❑ টেস্ট র‍্যাঙ্কিংয়ে ৭ নম্বরে বিরাট কোহলি। আইসিসি টেস্ট র‍্যাঙ্কিং তালিকায় ৭ নম্বরে নেমে গেলেন ভারত অধিনায়ক কোহলি। ৫ নম্বরে রোহিত শর্মা। অস্ট্রেলিয়ার মার্নাস লাবুসেন ১ নম্বরে। বোলিং তালিকায় ২ নম্বরে রবিচন্দন অশ্বিন।

❑ বিশ্ব ব্যাডমিন্টনে রুপো জয়ের স্বীকৃতি পেলেন কিদম্বী শ্রীকান্ত। তিনি বিশ্ব র‍্যাঙ্কিং তালিকায় প্রথম দশে প্রবেশ করলেন।

❑ এশীয় চ্যাম্পিয়ন্স ট্রফি হকিতে ভারত ৪-৩ ফলাফলে পাকিস্তানকে পরাজিত করল। পাকিস্তানকে হারিয়ে ব্রোঞ্জ জয়ী হল ভারত।

২৩ ডিসেম্বর

ফের কলকাতার মেয়র হলেন ফিরহাদ হাকিম। ডেপুটি মেয়র অতীন ঘোষ। চেয়ারপার্সন হয়েছেন মালা রায়।

❑ অবসর নেওয়া ক্রিকেটারদের পেশাদার প্রতিযোগিতা লেজেন্টস ক্রিকেট লিগে খেলতে দেখা যাবে শোয়েব আখতার ও সনৎ জয়সূর্যকে।

❑ ভারতের ১৮ জন রেফারি ২০২২ সালের ফিফা তালিকাভুক্ত হল। যারমধ্যে রয়েছে বাংলার ৪ প্রতিনিধি কণিকা বর্মন, প্রাঞ্জল বন্দ্যোপাধ্যায়, সমর পাল ও অসিতকুমার সরকার।

২৪ ডিসেম্বর

নভেম্বরে ভারতের ইঞ্জিনিয়ারিং পণ্য রপ্তানি আগেরবারের ৯০৩

দেশদুনিয়ার হালহকিকৎ

কোটিতে।

❑ চেটি সারিয়ে তিনি আবার মাঠে ফেরার প্রস্তুতি শুরু করেছেন। তবে ভারতীয় অলরাউন্ডার হার্দিক পান্ডিয়ার ভবিষ্যত নিয়ে আশাবাদী নন সলমন বাট।

❑ প্রয়াত হলেন সনৎ শেঠ (৯১)। গোলরক্ষক হিসেবে কিংবদন্তির মতো তাঁকে বলা হত 'বাজপাখি'। ১৯৫৪ সালে ম্যানিলা এশিয়ান গেমসে ভারতীয় দলের সদস্য হন। ১৯৫৪ ও ৫৫ সালে চার দলীয় প্রতিযোগিতায় জাতীয় দলে ছিলেন তিনি। ইস্টার্ন রেলে ১৯৪৯ থেকে ৫১ সাল অবধি খেলেছেন। এরিয়ানে ১৯৫২ থেকে ৫৬ সাল পর্যন্ত খেলেন তিনি। সনৎ শেঠের বর্ণময় ফুটবল জীবনের সমাপ্তি ঘটল।

২৫ ডিসেম্বর

৩ জানুয়ারি থেকে ১৫ থেকে ১৮ বছর বয়সীদের থেকে প্রতিষেধক দেওয়া শুরু হবে। ১০ জানুয়ারি থেকে স্বাস্থ্যকর্মী ও প্রথম সারির করোনা যোদ্ধাদের সতর্কতামূলক বুস্টার ডোজ দেওয়া হবে। দেশবাসীর উদ্দেশ্যে টেলিভিশন বক্তৃতায় এমনটাই জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

❑ বিশ্ব বাজারে রাসায়নিক সারের দাম অনেকটাই বেড়েছে। এই অবস্থায় দেশীয় সার উৎপাদন সংস্থাগুলিকে উৎসাহিত করার জন্য ২০১০ সালে ভর্তুকি নীতিতে কিছু সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করল কেন্দ্রীয় সরকার।

❑ অসংগঠিত ক্ষেত্রে এক তৃতীয়াংশ কর্মীর নাম ই-শ্রম পোর্টালে উঠে গিয়েছে বলে দাবি করেছে কেন্দ্রীয় সরকার।

❑ ব্রহ্মাণ্ডের জন্ম রহস্যের উত্তরের সন্ধানে মহাকাশে পাড়ি দিল নাসার জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ। এই প্রথম মহাকাশে কোনও অবজারভেটরি বা পর্যবেক্ষণাগার স্থাপন করতে সক্ষম হল মানুষ। হাবল টেলিস্কোপের থেকে এটি ১০০ গুণ বেশি শক্তিশালী। পৃথিবী থেকে ১৫ লক্ষ কিলোমিটার দূরত্বে একটি কক্ষপথে প্রদক্ষিণ করবে এটি।

❑ টোকিও অলিম্পিক্সে ভারোত্তোলনে রুপো জয়ের জন্য মিরাবাঈ চানুকে ১.৫০ কোটি টাকা পুরস্কার দিল উত্তরপ্রদেশ সরকার। লক্ষ্ণৌয়ে এক অনুষ্ঠানে তাঁর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়।

❑ প্রয়াত হলেন ইংল্যান্ড ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক ইনিং ওয়াথ (৮৯)। একাত্তরে ইংল্যান্ডে ভারতীয় ক্রিকেট দলের ঐতিহাসিক সিরিজ জয়ের সময় তিনিই ছিলেন অজিত ওয়াদেকারের প্রতিপক্ষ অধিনায়ক। ১৯৫৮ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ইংল্যান্ডের হয়ে ১০০টি টেস্ট খেলেছেন। টেস্টে ১,৮৩৬ রান রয়েছে তাঁর। অফস্পিনার হিসেবে ১২২টি উইকেট দখল করেছেন।

২৬ ডিসেম্বর

প্রবল তুষারপাত জাপানে। এই তুষারপাতের জেরে ১৩০টি উড়ান বাতিলের সিদ্ধান্ত সেদেশে। আবহাওয়া প্রতিকূল মূলত দেশের উত্তর ও পশ্চিমের এলাকাগুলিতে।

❑ প্রয়াত হলেন দক্ষিণ আফ্রিকার আর্চ বিশপ নোবেল শান্তি পুরস্কার জয়ী ডেসমন্ড টুটু (৯০)। ক্যান্সার আক্রান্ত ছিলেন তিনি। দক্ষিণ আফ্রিকায় শ্বেতাঙ্গ বর্ণবাদী শাসনের অবসানে তাঁর উল্লেখযোগ্য ভূমিকা ছিল। ১৯৮৪ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন। নেলসন ম্যান্ডেলার সমসাময়িক ছিলেন তিনি।

❑ ৩৩ বলে অপরাজিত ৪২ রান। ১টি উইকেটও দখল করেছেন তিনি। মিচেল মার্সের দাপটে বিগব্যাশ লিগে পার্থ স্কর্চার্স ৮ উইকেটে পরাজিত করল মেলবোর্ন রেনেগেডসকে। মার্স ছাড়াও কলিন মুনরো ৩২ বলে ৫৮ রান করে অপরাজিত থাকলেন।

❑ দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সেঞ্চুরিয়ান সুপার স্পোর্টস পার্কে প্রথম টেস্টে টস জেতার সঙ্গে সঙ্গেই নতুন কীর্তি স্থাপন করলেন বিরাট কোহলি। ভারতীয় দলের অধিনায়ক হিসেবে টেস্টে সবচেয়ে বেশি টস জেতার নজির গড়লেন। পিছনে ফেললেন প্রাক্তন অধিনায়ক মহম্মদ আজহারউদ্দিনকে। আজহার অধিনায়ক থাকাকালীন জয়ী হয়েছেন ২৯টি টস।

❑ প্যারালিম্পিক চ্যাম্পিয়ন কৃষ্ণ নগর জাতীয় প্যারা ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে দুরন্ত দৌড় অব্যাহত রাখলেন। তিনি জয়ী হলেন ৩টি সোনা। ভুবনেশ্বরে আয়োজিত এই প্রতিযোগিতায় তিনি ২০১৯ সালে জাতীয় চ্যাম্পিয়নশিপে পাওয়া একই সাফল্য ধরে রাখলেন। সেইবার তিনি ৩টি সোনা জয়ী হয়েছিলেন সিঙ্গলস, ডাবলস ও মিক্সড ডাবলসে।

❑ তামিলনাড়ুকে ১১ রানে হারিয়ে বিজয় হাজারে ট্রফি জয়ী হল হিমাচলপ্রদেশ। এই প্রথমবার ট্রফি জিতল হিমাচলপ্রদেশ। ১৩১ বলে অপরাজিত ১৩৬ রান করে ম্যাচ সেরা হয়েছেন হিমাচলের উইকেটরক্ষক ওপেনার শুভম আরোরা।

২৭ ডিসেম্বর

বাংলা শিক্ষা পোর্টালে প্রথম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়ুয়াদের চূড়ান্ত অ্যাক্টিভিটি টাস্কের নম্বর আপলোড করার সময়সীমা বাড়িয়ে ৩১ ডিসেম্বর করা হল।

❑ গ্রামীণ ও মফস্বল এলাকায় পরিষেবা বাড়াতে ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করল এইচডিএফসি ব্যাঙ্ক।

❑ হলিউডের পরিচালক জন মার্ক ভ্যালি (৫৮) প্রয়াত। 'ডালাস বায়ার্স ক্লাব' ও 'ওয়াইল্ড' ছবির জন্য তিনি জনপ্রিয় হন। ২০১৩ সালে ডালাস বায়ার্স ক্লাব জিতে নেয় ৩টি অ্যাকাডেমি অ্যাওয়ার্ড।

২৮ ডিসেম্বর

ন্যাশনাল পেনশন সিস্টেমে বিনিয়োগকারীদের বছরে ৪ বার লগ্নির প্রকল্প পরিবর্তন করার সুযোগ দেওয়ার কথা ভাবছে পেনশন নিয়ন্ত্রক পিএফআরডিএ।

❑ ইনিংস ও ১৪ রানে জয়ী হল অস্ট্রেলিয়া। পরাজিত ইংল্যান্ড। ম্যাচ সেরা হয়েছেন জো রুট। ৬ উইকেট দখল করেছেন তিনি। ম্যাচের ফলাফল— ইংল্যান্ড ১৮৫ ও ৬৮, অস্ট্রেলিয়া ২৬৭।

❑ এফসি ইস্টবেঙ্গলের কোচের পদ থেকে সরলেন মানুয়েল দিয়াস। লাল-হলুদের এই স্পেনীয় কোচ দায়িত্বে ছিলেন।

২৯ ডিসেম্বর

২০১৯-২০ অর্থবর্ষের আয়কর রিটার্ন দাখিলের ক্ষেত্রে বৈদ্যুতিন [illegible]

অয়াকরনপ্তর।

❑ রাজ্যের কলেজগুলির পরিচালন সমিতির মেয়াদ বাড়ল। ৩১ ডিসেম্বরের পরিবর্তে মেয়াদ বাড়ানো হয়েছে ৩১ মার্চ পর্যন্ত।

❑ বিশ্ব ব্যাডমিন্টন প্রতিযোগিতায় রুপো জয়ী কিদম্বী শ্রীকান্তকে পুরস্কৃত করল অন্ধ্রপ্রদেশ সরকার। মুখ্যমন্ত্রী ওয়াই এস জগনমোহন রেড্ডি তাঁর হাতে এই সম্মান প্রদান করেন।

❑ আইসিসি টেস্ট র‍্যাঙ্কিং বোলিং তালিকায় ২ নম্বর জায়গা ধরে রাখলেন ভারতের অফস্পিনার রবিচন্দ্রন অশ্বিন। ১ নম্বরে অস্ট্রেলিয়ার নতুন অধিনায়ক প্যাট কামিন্স।

৩০ ডিসেম্বর

'মীরজাফর ও অন্যান্য নাটক' সংকলনের জন্য সাহিত্য অ্যাকাডেমি স্বীকৃতি পেলেন ব্রাত্য বসু।

❑ ২০২০-২১ অর্থবর্ষের জন্য জিএসটি রিটার্ন জমা দেওয়ার সময় বাড়িয়ে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত করল কেন্দ্র।

❑ রস টেলর অবসর নিতে চলেছেন। ওয়ান ডে থেকে অবসর নেবেন তিনি।

❑ আইসিসি-র বর্ষসেরা টি-টোয়েন্টি ক্রিকেটারের মনোনয়ন পেলেন স্মৃতি মান্ধানা।

৩১ ডিসেম্বর

পরিবেশ রক্ষায় বার্তা কেন্দ্রীয় পটি ও পাঠভাত তত্ত্ব গবেষণা কেন্দ্রের।

❑ ভারতীয় ওপেনার স্মৃতি মান্ধানা আইসিসি বর্ষসেরা মহিলা ক্রিকেটার।

সংকলন : প্রবীর মুখোপাধ্যায়

২২৬ আশাকর্মী

১ পাতার পর .....

যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে সেক্ষেত্রে মাধ্যমিকে পাওয়া নম্বর বিবেচনা করা হবে। অন্যদিকে, গ্রেড-১ ও গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীর কর্মীরা, প্রশিক্ষণপ্রাপ্ত ধাই, লিঙ্ক ওয়ার্কাররা সংশ্লিষ্ট বিষয়ের সার্টিফিকেটধারী হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ২৯-১২-২০২১ তারিখের হিসেবে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তবে তফশিলি প্রার্থীদের ক্ষেত্রে বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন http://uttardinajpur.gov.in/ ওয়েবসাইটে। একটি সাদা কাগজে বয়ানের প্রিন্ট নিয়ে নেবেন। পূরণ করবেন নিজের হাতে লিখে। সঠিকভাবে পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট/ সার্টিফিকেট, মাধ্যমিক পরীক্ষার মার্কশিট, স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ভোটার আই কার্ড/ রেশন কার্ড, উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত শংসাপত্র ইত্যাদি স্বপ্রত্যয়িত জেরক্স ও ২ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত রঙিন ছবি। এগুলি সহ আবেদনপত্র একটি খামে ভরে তার ওপরে লিখবেন "APPLICATION FOR THE POST OF ASHA"। এবার দরখাস্ত এডি সহ স্পিড/ রেজিস্টার্ড পোস্টে এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৩১ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায়: To, The Member Secretary, ASHA Selection Committee, Office of the Block Development Officer, ... Block, P.O..... Dist. Uttar Dinajpur, West Bengal, Pin..... এছাড়া ওই তারিখের মধ্যেও সংশ্লিষ্ট বিডিও অফিসে রাখা ড্রপবক্সে হাতে হাতেও আবেদনপত্র জমা করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: : 01 /Genl./Health/ ASHA আবেদনের বিস্তারিত পদ্ধতি সম্পর্কে জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

আসল গ্রহরত্ন বিক্রয়ের একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান
RD GEMS
পোখরাজ হীরা
নীলা পলা
পান্না গোমেদ
চুনী মুক্তা
ক্যাটস আই
দাম আপনার সাধ্যের মধ্যেই
সকল প্রকার খুচরো ও পাইকারি গ্রহরত্নের জন্য যোগাযোগ করুন
টোল ফ্রি নম্বর— ১৮০০ ৮৯১ ৩৮৮১

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133

৩,৮৬৫ মাল্টি টাস্কিং

৩ পাতার পর .....

ছাড় পাবেন। মূল মাইনে আপার ডিভিশন ক্লার্ক ও স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা এবং মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার/ স্কিল টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। আপার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে— বাছাই পরীক্ষা হবে ৩টি ফেজে। প্রথম ফেজের প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ২৫টি প্রশ্ন এবং ৫০ নম্বরের ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ের ২৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। এতে সফলদের দ্বিতীয় ফেজের মেইন পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ৫০টি প্রশ্ন, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ৫০টি প্রশ্ন, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ৫০টি প্রশ্ন এবং ৫০ নম্বরের ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ের ৫০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। এরপর হবে ৫০ নম্বরের কম্পিউটার স্কিল টেস্ট। এতে থাকবে পাওয়ার পয়েন্টে ২টি স্লাইড তৈরি (১০ নম্বর), ফর্ম্যাটিং সহ এমএস ওয়ার্ডে টাইপ (২০ নম্বর) এবং ফর্মুলার সাহায্য সহ এমএস এক্সেলে টেবিল তৈরি। স্কিল টেস্টে সময় পাবেন ৩০ মিনিট। স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে— বাছাই পরীক্ষা হবে ২টি ফেজে। প্রথম ফেজের মেইন পরীক্ষায় থাকবে ১০০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের ১০০টি প্রশ্ন (সময় ৭০ মিনিট), ৫০ নম্বরের রিজনিং এবিলিটি বিষয়ের ৫০টি প্রশ্ন (সময় ৩৫ মিনিট) এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ৫০টি প্রশ্ন (সময় ২৫ মিনিট)। এতে সফলদের হবে স্টেনোগ্রাফি স্কিল টেস্ট। এতে কোনও প্যারাগ্রাফ থেকে মিনিটে ৮০টি শব্দের গতিতে হিন্দি/ ইংরিজিতে নেওয়া ডিক্টেশন কেবলমাত্র কম্পিউটারে ইংরিজিতে ৫০ মিনিটে এবং হিন্দিতে ৬৫ মিনিটে ট্রানস্ক্রাইব করতে হবে। মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে— বাছাই পরীক্ষা হবে ২টি ফেজে। প্রথম ফেজের প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ২৫টি প্রশ্ন এবং ৫০ নম্বরের ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ের ২৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। এতে সফলদের দ্বিতীয় ফেজের মেইন পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ৫০টি প্রশ্ন, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ৫০টি প্রশ্ন, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ৫০টি প্রশ্ন এবং ৫০ নম্বরের ইংরিশ কম্প্রিহেনশন বিষয়ের ৫০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। প্রিলিমিনারি ও মেইন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুলের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষার কললেটার নীচে বলা ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষা কেন্দ্রে সঙ্গে নেবেন বৈধ কললেটার, কোনও সচিত্র পরিচয়পত্র এবং তার জেরক্স।

আবেদন করবেন অনলাইনে https://www.esic.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাম হাতের বুড়ো আঙুলে ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে ইংরিজিতে নিজের হাতে লেখা ঘোষণাপত্র (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ঘোষণাপত্রের বয়ান পাবেন ওপরে বলা ওয়েবসাইটে। প্রথমে ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ (তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ক্ষেত্রে ২৫০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট কার্ড (রুপে/ ভিসা/ মাস্টার কার্ড/ মাইস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আইএমপিএস, ক্যাশ কার্ড/ মোবাইল ওয়ালেটের মাধ্যমে। অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তবে তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলারা শর্তসাপেক্ষে এই ফি ফেরৎ পাবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

The only trusted organization that sells real planetary gems

RD GEMS

Diamond
Yellow Sapphire
Coral
Blue Sapphire
Emerald
Pearl
Hessonite
Ruby
Cat's eye

The price is within your reach

Contact us for all types of retail and wholesale gems

Toll free number - 1800691 361

Email: rdgems060@gmail.com,
Facebook: fb.com/rdgemsofficial, Instagram: www.instagram.com/rdgemsofficial, Twitter: www.twitter.com/rdgemsofficial

কি হতে চান ? ডাক্তার না নার্স ?
সরাসরি ভর্তির জন্য আসুন
BRIGHT FUTURE

ADMISSION GUIDANCE
WE PROVIDE ADMISSION GUIDANCE FOR PRIVATE COLLEGES IN ALL OVER INDIA UNDER MANAGEMENT / GULF / NRI QUOTA
All Admissions are subject to Availability of Seats abide by rules and regulations denoted by concerning Board/ University

4 YEARS B.Sc NURSING
3 YEARS GNM
PHARMACY

RECOGNIZED BY INDIAN NURSIG COUNCIL, NEW DELHI & KARNATAKA NURSING COUNCIL & AFFILIATED TO RGUHS, BANGALORE

সেবাই যদি হয় তোমার স্বপ্ন.....

100% Placement Assistance at Parent Hospital with full salary and Free accommodations

TOP COLLEGES IN BANGALORE
- SAPTHAGIRI INSTITUTE OF MEDICAL SCIENCES & RESEARCH CENTRE
- MS RAMAIAH MEDICAL COLLEGE
- NSS GROUP OF INSTITUTIONS
- KEMPEGOWDA INSTITUTE OF MEDICAL SCIENCE (KIMS)
- SUSHRUTHA INSTITUTE OF NURSING
- VARADARAJA INSTITUTE OF NURSING SCIENCES
- BHARATHI INSTITUTE OF NURSING SCIENCES

D. Pharm | B. Pharm | M.Pharm | Pharm. D
BOOK YOUR SEAT UNDER MANAGEMENT QUOTA IN TOP RECOGNISED PHARMACY COLLEGES IN
WEST BENGAL/ORISSA/KARNATAKA MAHATASTRA/TAMILNADU

PARAMEDICAL
OT | MLT | OPTOMETRY | DIALYSIS
X-RAY | CARDIAC CARE | BPT
Bangalore-এর যেকোন বেসরকারী প্যারামেডিক্যাল কলেজে সরাসরি ভর্তির জন্য নাম নথিভুক্ত করুন।

OTHER COURSES: MD | MBBS | BDS | MBA | MCA | BBA | BCA | B-TECH | POLY-TECHNIC

HELP ZONE
BRIGHT FUTURE
Under Bright Future Social Welfare Society (Govt. Regd.) Regd. No. - S/21/No. - 19040
Balichak Station Road, Balichak | Mobile : +91 9800769900 / 9972465519